

২০১৯

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

পঞ্চম পত্র (BNGH-CC-T-V)

(বাংলা কথাসাহিত্যের রূপভেদ ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) লেখকের নামসহ দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পল্লীসমাজ' কোন্ শ্রেণীর উপন্যাস? এই শ্রেণীর আর একটি বাংলা উপন্যাসের নাম লেখো।
- গ) "লোকটা এখানকার ইস্কুলমাস্টার" — বক্তা কে? ইস্কুলমাস্টারকে দেখে তাঁর কার কথা মনে পড়েছিল?
- ঘ) "এই স্ত্রীলোকটির প্রকৃতির মধ্যে বহুল পরিমাণে পৌরুষের অংশ থাকতে তাঁহার যথার্থ সঙ্গী কেহ ছিল না" — কার কথা বলা হয়েছে? তাঁর স্বামীর নাম কী?

(পরের পাতায়)

- ঙ) কাদম্বিনীকে মৃত মনে করে তাকে দাহ করার জন্য যে চারজনকে শ্মশানে পাঠানো হয়েছিল তাদের নাম লেখো।
- চ) ‘ক্ষুধিত পাষণ’ গল্পে যে প্রাসাদের কথা আছে, সেই প্রাসাদ কোথায়, কোন্ নদীর তীরে অবস্থিত? এটি কে, কেন নির্মাণ করেছিলেন?
- ছ) “আমার মরণ নেই। সেই কথাটাই ভালো করে বুঝিয়ে বলার জন্যে এই চিঠিখানি লিখতে বসেছি” — বক্তা কে? সে বিয়ের কত বছর পরে এই চিঠি লিখেছে?
- জ) “চল্লিশ পার হইয়া ইনি একটু মোটা হইয়া পড়িয়াছেন, সেজন্য ডাক্তারের উপদেশে হাঁটিয়া এক্সারসাইজ করেন”—গল্পলেখকের অনুসরণে দু-তিনটি বাক্যে এই ব্যক্তির নাম ও পেশার পরিচয় দাও।
- ঝ) “তোমার কি ঘেন্না পিত্তিও নাই। কতবার তোকে বারণ করেছি বল্ তো?” — কে, কাকে, কী কাজ করতে বারণ করেছে?
- ঞ) ‘শিল্পী’ গল্পের প্রধান পুরুষ চরিত্রের নাম কী? গল্পের শেষে সে কার দেওয়া সুতো নিয়ে কাপড় বুনতে চায়নি?
- ট) “তরঙ্গিনী চোখে মুখে বিস্ময় ফুটাইয়া বলিল — দাদা আসেন নি কাল? বল কি বৌ!” ‘দাদা’র নাম কী? ‘বৌ’ কে?
- ঠ) “উঃ আর একটু হলে মিথ্যুক বুড়িটা সত্যিই বোধ হয় মা বলিয়ে ছাড়ত” — কে একথা ভেবেছে? ‘বুড়ি’র নাম কী?
- ড) ‘তফাত যাও, তফাত যাও। সব বুট হায়, সব বুট হায়’— কী উদ্দেশ্য করে কে একথা বলেছে?

- ঢ) “বড় মাসীমা, মা বললেন আপনাকে এখনি একবার যেতে
— খুড়িমার বড্ড কষ্ট হচ্ছে” — বক্তা কে? খুড়িমার
নাম কী?
- ণ) “থাকিস তুই ছাগল নিয়ে, কাল যাচ্ছি আমি হটখোলায়”
— কে একথা বলেছেন? তিনি ‘হটখোলা’য় যেতে
চেয়েছেন কেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে
কয়েকটি বাংলা আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।
- খ) ‘মণিহারা’ গল্পের মণিমালিকা চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ
করো।
- গ) ‘বিধু ও বনমালী রাম নাম জপিতে জপিতে কাঁদিতে লাগিল’
— কোন্ গল্প থেকে গৃহীত হয়েছে? তারা কেন ভয়
পেয়েছিল, তা পাঠ্য গল্প অনুসরণে লেখো।
- ঘ) ‘অনধিকার প্রবেশ’ গল্পের প্রধান নারী চরিত্রটি বিশ্লেষণ
করো।
- ঙ) ‘নারী ও নাগিনী’ গল্পের খোঁড়া শেখ চরিত্রটির উপর
আলোকপাত করো।
- চ) ‘শিল্পী’ গল্পটি ছোটগল্প হিসেবে কতটা সার্থক তা আলোচনা
করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) ছোটগল্পের সূচনা ও সমাপ্তির বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ
আলোচনা করো।

- খ) 'জীবিত ও মৃত' গল্পে কাদম্বিনীর অস্তিত্বের সংকট কীভাবে গুরুত্ব পেয়েছে তা আলোচনা করে বুঝিয়ে দাও।
- গ) 'লম্বকর্ণ' গল্পে হাস্যরসের যে পরিচয় পাওয়া যায়, তা বর্ণনা করো।
- ঘ) 'তাসের ঘর' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।